

শ্রীরামকৃষ্ণ আশ্রম ইনস্টিটিউট (হাইস্কুল)

অষ্টমশ্রেণিঃ বাংলা

ওয়ার্কশিটঃ দ্বিতীয়

পূর্ণমান - ২০.

■ ১) সঠিক উত্তরটি বেছে লেখো। (১×১০=১০)

১.১. তারাপদ রায়ের লেখা একটি কাব্যগ্রন্থের নাম -

(ক) গীতাঞ্জলি (খ) তোমার প্রতিমা

(গ) লালসালু (ঘ) সংবর্ত।

১.২. '___ চড়ুই এক ঘুরে ফিরে আমার ঘরেই বাসা বাঁধে।' - শূন্যস্থানটিতে হবে -

(ক) ছোট (খ) চালাক

(গ) মিষ্টি (ঘ) চতুর।

১.৩. চড়ুই পাখিটি ঘর জুড়ে ছড়িয়ে দেয় -

(ক) কিচিমিচি গান (খ) পুরোনো কাগজ

(গ) ঘাসপাতা (ঘ) কিছুই নয়।

১.৪. 'একটি চড়ুই পাখি' কবিতায় চড়ুই পাখিটি বাসা বেঁধেছিল -

(ক) গাছে (খ) কবির ঘরে

(গ) জঙ্গলে (ঘ) মাটিতে।

১.৫. 'বিধাতা' শব্দের অর্থ হল -

(ক) মানুষ (খ) চৈতন্য

(গ) জগৎ স্রষ্টা ঈশ্বর (ঘ) অতিমানব।

১.৬. 'পল্লীসমাজ' গল্পে অবিদ্যাস্ত বৃষ্টি হয়েছিল -

(ক) তিনদিন (খ) একদিন

(গ) পাঁচদিন (ঘ) দুইদিন।

১.৭. 'পল্লীসমাজ' গল্পে গোটা গ্রামের জীবিকার একমাত্র ভরসা -

(ক) একশো বিঘার মাঠ (খ) জলা জমি

(গ) দুশো টাকার মাছ (ঘ) জলাশয়।

১.৮. রমেশের কাছে নিজেদের দুর্দশা জানাতে আসা কৃষকের সংখ্যা -

(ক) কুড়ি জন (খ) তেরো জন

(গ) চারজন (ঘ) প্রায় কুড়ি জন।

১.৯. আকবর আলি রমাদের জমিদারির যে জায়গার প্রজা, সেই জায়গা হল -

(ক) গাজিপুর (খ) পিরপুর

(গ) শিবতলা (ঘ) মন্দিরতলা।

১.১০. 'পল্লীসমাজ' গল্পে আকবরের এক পুত্রের নাম -

(ক) গহর (খ) বেণী

(গ) রমেশ (ঘ) জালালউদ্দিন।

■ **২) কমবেশি ২০ শব্দে উত্তর দাও। (১×৫=৫)**

২.১. 'একটি চড়ুই পাখি' কবিতায় চড়ুইটি কৌতূহলী চোখ মেলে কী দেখে?

২.২. 'একটি চড়ুই পাখি' কবিতায় ইচ্ছে হলেই চড়ুই পাখিটি কী করতে পারে?

২.৩. 'পল্লীসমাজ' গল্পে দক্ষিণ ধারের বাঁধ কেটে জল নিকেশ করতে কী বাঁধা ছিল?

২.৪. 'পল্লীসমাজ' গল্পে রমেশ কোন পাপ কাজকে সংসারের সবথেকে বড় পাপ বলেছে?

২.৫. 'পল্লীসমাজ' গল্পে আকবর কর্কশ কঠে বেণীকে কী বলেছিল?

■ **৩) কমবেশি ১৫০ শব্দে উত্তর দাও। (৫×১=৫)**

৩.১ 'একটি চড়ুই পাখি' কবিতায় আধুনিক জীবনের যে নিঃসঙ্গতার ছবি ফুটে উঠেছে তা বর্ণনা করো।